আজকের কাগজ

তারিখ 07 NOV 1992

পৃষ্ঠা ২ কলাম ৪

38

# সন্ত্রাস দমন আইনে ৪ স্কুল ছাত্র কেন্দ্রীয় কারাগারে

**শেখ মজলিশ ফুয়াদ :** সন্ত্রাস দমন অধ্যাদেশ '৯২-এর শিকার হয়ে নগরীর একটি স্কুলের ষষ্ঠ ও সপ্তম শ্রেণীর কয়েকজন ছাত্র এখন কেন্দ্রীয় কারাগারে দিন যাপন করছে। ধানমন্ডির কাকলি উচ্চ বিদ্যালয়ের ৪ ছাত্রকে গ্রেফতার করে এই অধ্যাদেশের অধীনে ২ নভেম্বর কেন্দ্রীয় কারাগারে পাঠানো হয়। এ ছাত্রদের প্রত্যেকের বয়স ১০ থেকে ১১ বছরের মধ্যে বলে জানা গেছে।

গত ১ নভেম্বর কাকলি বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান শেষে বাসায় ফেরার পথে পুলিশ ঐ স্কুলের ছাত্র আমিনুল হক ভুঁইয়া টিটো (১১)সহ ওর তিন সহপাঠী বিপ্লব, রুমী ও বাবুলকে গ্রেফতার করে ধানমন্ডি থানায় নিয়ে যায়। জানা গেছে, ঐদিন স্কুল বন্ধ ছিলো। স্কুলের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে যোগ দেয়ার জন্যে টিটোসহ তার তিন বন্ধু বাসা থেকে স্কুলে আসে। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ঢাকার মেয়র মীর্জা আব্বাস ও শিক্ষা মন্ত্রণালয়ের সচিব উপস্থিত ছিলেন। টিটোর পারিবারিক সূত্রে জানা গেছে, অনুষ্ঠান শেষ হলে তারা বাড়ি ফেরার পথে ধানমন্ডি ১৫ নম্বর বাসস্ট্যান্ডের সামনে আসে। এর আগে এসএসসি পরীক্ষা পদ্ধতি বাতিলের দাবিতে কিছু ছেলে বাসস্ট্যান্ডে কয়েকটি গাড়ি ভাঙচুর করে চলে যায়। এর কিছুক্ষণ পর পুলিশ এসে টিটোসহ ওর তিন সহপাঠীকে ধরে নিয়ে যায়। সন্ত্রাস দমন অধ্যাদেশ '৯২-এর ৪ তাদের বিরুদ্ধে মামলা করা হয়েছে। মামলা নম্বর ১-তারিখ ১-১১-৯২।

এ ব্যাপারে গতকাল শুক্রবার ধানমন্ডি থানার সঙ্গে যোগাযোগ করা হলে থানার এএসআই জানান, গাড়ি ভাঙচুর করার সঙ্গে জড়িত থাকার অভিযোগে এসব ছাত্রকে গ্রেফতার করা হয়েছে।